

💵 হজ উমরা ও যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ পঞ্চম অধ্যায় : উমরা রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ,কম

হজ-উমরাকারিগণ চুল ছোট বা মাথা মুণ্ডন করতে গিয়ে যেসব ভুল করেন

- ১. মাথা মুণ্ডন বা চুল ছোট করার সময় সম্পূর্ণ মাথা পরিব্যাপ্ত না করা। কেউ কেউ একাধিক উমরা আদায়ের লক্ষেয এরূপ করে থাকে যা সুন্নত পরিপন্থী ও ভুল।
- ২. সাঈর পর বাসায় গিয়ে স্বাভাবিক কাপড়-চোপড় পরে চুল ছোট করা বা মাথা মুণ্ডন করা। অথচ নিয়ম হল, ইহরামের কাপড় পরিহিত অবস্থায় চুল ছোট করা বা মাথা মুণ্ডন করা।
- ৩. অনেক হাজী সাহেব মনে করেন, তারা একে অন্যের চুল ছোট বা মুণ্ডন করতে পারবেন না। এটি ভুল ধারণা। হাজী সাহেব নিজের ইহরাম না ছাড়লেও অন্যের মাথার চুল ছোট বা কামিয়ে দিতে পারবেন।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=7394

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন